বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নংঃ ইউজিসি/বেঃবিঃ/৪৮৪(জেপা)/২০১৬/

তারিখঃ ০৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা সংক্রান্ত সর্বশেষ তথ্য

জনস্বার্থে এবং অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর অধীনে বর্তমানে ১০৮টি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন রয়েছে। তন্মধ্যে যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মামলা মোকদ্দমাসহ বিভিন্ন ধরণের সমস্যা বিরাজমান সে সকল বিশ্ববিদ্যালয়ের তালিকা পূর্বের ধারাবাহিকতায় প্রকাশ করা হলো। উল্লেখ্য, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের হালনাগাদ তথ্য নিয়মিতভাবে কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়।

ক) **অবৈধভাবে ক্যাম্পাস পরিচালনা (১টি বিশ্ববিদ্যালয়)**

**(১) ইবাইস ইউনিভার্সিটি**-এই বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ **২টি ভাগে বিভক্ত** এবং পরস্পরের বিরুদ্ধে আদালতে একাধিক মামলা বিদ্যমান। ইবাইস ইউনিভার্সিটির বাড়ি নম্বর-২১/এ, সড়ক নম্বর-১৬ (পুরাতন-২৭), ধানমন্ডি, ঢাকা-১২০৯ ঠিকানাটি হাইকোর্ট ডিভিশনের ১ বছরের স্থগিতাদেশ থাকার জন্য (রিট পিটিশন নং ১২০১৭/২০১৬) কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছিল। বর্তমানে উক্ত স্থগিতাদেশ এর কার্যকারিতা ভ্যাকেট হয়ে যাওয়ায় ইবাইস ইউনিভার্সিটির উক্ত ঠিকানা কমিশনের ওয়েবসাইট থেকে অপসারণ করা হয়েছে। **বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কোনো ঠিকানা নেই।** এছাড়া, বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য কর্তৃক নিয়োগকৃত উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ পদে বৈধ কোন কর্তৃপক্ষ নেই।

খ) **সরকার কর্তৃক বন্ধকৃত, তবে আদালতের রায়/স্থগিতাদেশ নিয়ে পরিচালিত (১টি বিশ্ববিদ্যালয়)**

**আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি**- অনুমোদনকালীন সময়ে এই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ঠিকানা ছিল ৩৫, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় থেকে ১৭-০৬-২০১৩ তারিখের ৪৬৬ নম্বর পত্রের মাধ্যমে ৫৪/১, প্রগতি স্বরণী, বারিধারা-নর্দ্দা, ঢাকা-১২১২ ঠিকানা অনুমোদন দেয়া হয়। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদিত ৫৪/১, প্রগতি স্বরণী, বারিধারা-নর্দ্দা, ঢাকা-১২১২ ঠিকানা সরেজমিন পরিদর্শনে উল্লিখিত ঠিকানায় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী ফ্লোর স্পেস, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং **শিক্ষা কার্যক্রম পরিচালনার মত কোনরূপ সুযোগ-সুবিধা বিদ্যমান নাই।** উল্লেখ্য, কমিশন থেকে বিশ্ববিদ্যালয়টিকে পুনরায় শিক্ষাকার্যক্রম পরিচালনার অনুমোদন দেয়া হয়নি। এছাড়া, বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য কর্তৃক নিয়োগকৃত উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ পদে বৈধ কোন কর্তৃপক্ষ নেই।

গ) **সরকার কর্তৃক অনুমোদনপ্রাপ্ত তবে শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি দেয়া হয়নি (২টি বিশ্ববিদ্যালয়)**

২.১. **কুইন্স ইউনিভার্সিটি -** সরকার কর্তৃক বন্ধকৃত। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় থেকে ০৬-০৯-২০১৫ তারিখে ০১ (এক) বছরের জন্য সাময়িকভাবে শর্ত সাপেক্ষে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য পত্র দেয়া হয়। কিন্তু উক্ত নির্ধারিত সময়ের মধ্যে কুইন্স ইউনিভার্সিটি শিক্ষা কার্যক্রম শুরু করতে সমর্থ হয় নাই।

২.২. **দি ইউনিভার্সিটি অব কুমিল্লা -** দি ইউনিভার্সিটি অব কুমিল্লা সরকার কর্তৃক ০৪/১২/১৯৯৫ তারিখে অনুমোদন লাভ করে। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন যথাযথভাবে প্রতিপালন না করার কারণে ২২/১০/২০০৬ তারিখ সরকার কর্তৃক বিশ্ববিদ্যালয়টি বন্ধ ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরকারের বন্ধ আদেশের (২০০৬ সালের) বিরুদ্ধে আদালতে রিট পিটিশন (নং-১৬৭১/২০১৪) দায়ের করে। আদালত বিশ্ববিদ্যালয়টির পক্ষে রায় প্রদান করে। বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজ **২টি ভাগে বিভক্ত** এবং পরস্পরের বিরুদ্ধে আদালতে একাধিক মামলা বিদ্যমান। বিশ্ববিদ্যালয়টির অনুমোদিত ঠিকানা ৯/বি পলওয়েল কারনেশন, সেক্টর-৮, উত্তরা, ঢাকা-১২৩০ ০৯/০২/২০২০ তারিখ কমিশন থেকে সরেজমিনে পরিদর্শনে দি ইউনিভার্সিটি অব কুমিল্লার কোনো অস্তিত্ব পাওয়া যায়নি। **উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে দৈনিক পত্রিকায় সার্টিফিকেট বিক্রির অভিযোগ রয়েছে।** এছাড়াও বর্তমান বিওটির সদস্যদের বিরুদ্ধেও বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ কমিশনে পাওয়া গিয়েছে। উল্লেখ্য, কমিশন থেকে অদ্যবধি দি ইউনিভাসিটি অব কুমিল্লা এর শিক্ষাকার্যক্রম পরিচালনার অনুমোদন দেয়া হয়নি। এছাড়া, বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য কর্তৃক নিয়োগকৃত উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ পদে বৈধ কোন কর্তৃপক্ষ নেই।

ঘ) **এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ঃ** BA (Hons) in Bangla, MA in Bangla, BA (Hons.) in Islamic History & Civilization, MA in Islamic History & Civilization, MSS in Information Science & Library Management, B.Ed M.Ed – প্রোগ্রামসমূহ ২০২১ সালের স্প্রিং সেমিষ্টার হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত শিক্ষার্থী ভর্তি বন্ধ থাকবে। এছাড়া, বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য কর্তৃক নিয়োগকৃত উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ পদে বৈধ কোন কর্তৃপক্ষ নেই।

ঙ) **টাইমস্ ইউনিভার্সিটি বাংলাদেশ ঃ** কমিশন থেকে ২৫/১১/২০১৫ তারিখ টাইমস ইউনিভাসিটি, বাংলাদেশ এর প্রস্তাবিত ১০টি প্রোগ্রামের অনুমোদনসহ বিশ্ববিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম শুরুর অনুমোদন প্রদান করা হয়। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কমিশনের অনুমোদন গ্রহণ ব্যতিরেকে পূর্বেই ০১/০১/২০১৪ তারিখ থেকে বিবিএ, এমবিএ, এলএলবি (অনার্স) এবং এলএলএম প্রোগ্রামের শিক্ষা কার্যক্রম পরিচালনা শুরু করে। পরবর্তীতে কমিশনের নিকট এই ০৪টি প্রোগ্রামের ভূতাপেক্ষ অনুমোদন চেয়ে কমিশনে আবেদন করলে কমিশন থেকে ভূতাপেক্ষ

অনুমোদন প্রদানের সুযোগ নেই মর্মে বিশ্ববিদ্যালয়কে জানিয়ে দেয়া হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উল্লিখিত বিষয়ে আদালতে সরকার ও কমিশনের বিরুদ্ধে মামলা দায়ের করে। মামলাটি বর্তমানে চলমান রয়েছে। এছাড়াও এই বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে **শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও ফরিদপুর জেলা প্রশাসন থেকে প্রাপ্ত বিভিন্ন অনিয়ম দুর্নীতির অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।**

চ) **মাননীয় আদালতের স্থগিতাদেশ নিয়ে পরিচালিত (১টি বিশ্ববিদ্যালয়)**

**সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ-** এ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানা ৭৩৯, মেহেদীবাগ, চট্টগ্রাম ও ২২, শহীদ মির্জালেন, চট্টগ্রাম। আদালতের রায় অনুযায়ী উক্ত দু'টি ক্যাম্পাস ব্যতীত অন্যান্য সকল ক্যাম্পাস অবৈধ। শিক্ষা মন্ত্রণালয় থেকে ৩০-১১-২০১৭ তারিখে সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ এর ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ রাখার জন্য কমিশনকে নির্দেশনা দেয়া হয়। তৎপ্রেক্ষিতে কমিশন থেকে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ রাখার জন্য ১৩-১২-২০১৭ তারিখ বিশ্ববিদ্যালয়ে পত্র দেয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৭/২০১৯ এবং ০২/০৯/২০১৯ তারিখের পত্রের নির্দেশনা অনুযায়ী সাউদার্ণ ইউনিভার্সিটি বাংলাদেশ কর্তৃক দায়েরকৃত ১৮৭৮৪/২০১৭নং রীট মামলায় আদালতের স্থগিতাদেশ থাকায় বিশ্ববিদ্যালয়টির স্বাভাবিক ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম বন্ধ রাখা সংক্রান্ত কমিশনের ১৩/১২/২০১৭ তারিখের আদেশটি ০৯/০৯/২০১৯ তারিখ প্রত্যাহার করা হয়েছে। উল্লেখ্য, এই বিশ্ববিদ্যালয়ের নামে মাননীয় আদালতে একাধিক মামলা বিচারাধীন রয়েছে।

ছ) **গণ বিশ্ববিদ্যালয়ঃ** গণ বিশ্ববিদ্যালয় কর্তৃক অননুমোদিতভাবে পরিচালিত BBA, Environmental Science, MBBS, BDS এবং Physiotherapy প্রোগ্রামসমূহের বিষয়ে হাইকোর্ট বিভাগের ১৯/১১/২০১৯ তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ থাকায় সেটি (রিট পিটিশন নং- ৭১৯৬/২০১৭) কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হলো। এছাড়া, বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য কর্তৃক নিয়োগকৃত উপাচার্য ও উপ-উপাচার্য পদে বৈধ কোন কর্তৃপক্ষ নেই।

জ) **প্রাইমএশিয়া ইউনিভার্সিটি ঃ** বিশ্ববিদ্যালয়টিতে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ পদে কোন ব্যক্তি নিয়োগকৃত নেই। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের সাবেক বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান কর্তৃক অর্থ আত্নসাতের বিষয়ে তদন্ত কার্যক্রম সম্পন্নপূর্বক তদন্ত প্রতিবেদন দূদকে প্রেরণ করা হয়েছে।

ঝ) **অননুমোদিত ক্যাম্পাস পরিচালনা (০৪ টি বিশ্ববিদ্যালয়)**

(১)**ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভ-** অননুমোদিতভাবে পরিচালিত ক্যাম্পাস ----

(ক) বাড়ি - ৭৮, রোড -১১/এ, ধানমন্ডি, ঢাকা
(খ) বাড়ি - ৭ ও ৮, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা
(গ) বাড়ি - ৬৫, রোড -৮/এ, ধানমন্ডি, ঢাকা
(ঘ) বাড়ি - ৪৭/এ, রোড - ১২/এ, ধানমন্ডি, ঢাকা
(ঙ) বাড়ি - ১১৫/এ, রোড -৯/এ, ধানমন্ডি, ঢাকা
(চ) বাড়ি - ১১৯/এ, রোড -৯/এ, ধানমন্ডি, ঢাকা
(ছ) বাড়ি - ৭৪, সাত মসজিদ রোড, শংকর প্লাজা, ধানমন্ডি, ঢাকা
(জ) ৬/২২, ব্লক - ই, লালমাটিয়া , ঢাকা।

(২) **ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-** অননুমোদিতভাবে পরিচালিত ক্যাম্পাস ----

(ক) বাড়ি- ১০২/১, শুক্রাবাদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৭
(খ) বাড়ি- ১০০/বি, শুক্রাবাদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৭
(গ) বাড়ি- ১০৫, শুক্রাবাদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৭।

(৩) **ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ** - অননুমোদিতভাবে পরিচালিত ভবন ---

(ক) ৬৯/১/১, পান্থপথ, ঢাকা -১২০৫ এবং
(খ) ৬৯ কে.কে.কে.ভবন, পান্থপথ, ঢাকা- ১২০৫ ।

(৪) **সাউথইস্ট ইউনিভার্সিটি-** অননুমোদিতভাবে পরিচালিত ক্যাম্পাস---

(ক) বাড়ি-০১, রোড-১৭, ব্লক-সি, বনানী, ঢাকা
(খ) বাড়ি-২/এ, রোড-২৩/এ, ব্লক-বি, বনানী, ঢাকা
(গ) বাড়ি-৬৪, রোড-১৮, ব্লক-বি, বনানী, ঢাকা এবং
(ঘ) বাড়ি-৯৫, রোড-০৪, ব্লক-বি, বনানী, ঢাকা।

ঞ) **বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব এবং আদালতে মামলা বিচারাধীন (৫ টি বিশ্ববিদ্যালয়)**

(১) **ইবাইস ইউনিভার্সিটি** (ঢাকা) ;

(২) **সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ঃ** শিক্ষা মন্ত্রণালয় থেকে জনাব শামীম আহমেদ, শামীমাবাদ, বাগবাড়ি, সিলেট ঠিকানা-কে বৈধ কর্তৃপক্ষ হিসেবে পত্র প্রদান করা হয়। উক্ত পত্রের বিরুদ্ধে একটি পক্ষ মামলা দায়ের করেছে। মামলাটি আদালতে বিচারাধীন ।

(৪) **সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ (চট্টগ্রাম)**- সাউদার্ণ ইউনিভার্সিটি বাংলাদেশ এর নামে মাননীয় আদালতে রিট মামলা ৭৩২৬/২০১৮ ও ১৮৭৮৪/২০১ এবং ঘোষণামূলক মামলা ৪০২/১৬ বিচারাধীন রয়েছে;

(৫) **কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি** -বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে একটি ঘোষণামূলক মামলা ১ম যুগ্ম জেলা জজ আদালত, চট্টগ্রাম এ বিচারাধীন রয়েছে।

ট) **অননুমোদিত প্রোগ্রাম পরিচালনা (৬ টি বিশ্ববিদ্যালয়)**

(১) **জেড.এইচ. সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** - এম এ ইন ইংলিশ প্রোগ্রামটি কমিশনের অনুমোদন ব্যতিরেকে পরিচালনা করছে।

(২) **পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি**- LLB -4 Years, LLM -1 Year, LLM -2 Years **প্রোগ্রাম** কমিশনের অনুমোদন ব্যতিরেকে পরিচালনা করা হচ্ছে।

(৩) **সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**- বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইনঞ্জিনিয়ারিং প্রোগ্রামটি কমিশনের অনুমোদন ব্যতিরেকে পরিচালনা করা হচ্ছে।

(৪) **নর্থ সাউথ ইউনিভার্সিটি বিশ্ববিদ্যালয়**- কমিশন কর্তৃক অনুমোদিত শুধুমাত্র ১ টি ((Bachelor of Business Administration (BBA) ) প্রোগ্রামের অন্তরালে আইনের ব্যত্যয় ঘটিয়ে অবৈধভাবে - BBA in General BBA, in Finance BBA in Human Resource Management (HRM), BBA in International Business, BBA in Marketing, BBA in Management, BBA in Management Information Systems, BBA in Accounting, BBA in Economics, BBA in Entrepreneurship, BBA Supply Chain Management - প্রোগ্রামগুলো পরিচালনা করছে।

ঠ) **সরকার কর্তৃক সাময়িক অনুমোদনপ্রাপ্ত তবে শিক্ষা কার্যক্রম তথা শিক্ষার্থী ভর্তির অনুমতি অদ্যবধি দেয়া হয়নি এমন বিশ্ববিদ্যালয় (০৬ টি), এক্ষেত্রে কমিশনের অনুমতি ব্যতিরেকে শিক্ষার্থী ভর্তি করা যাবে না**

(১) রূপায়ন এ. কে. এম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয় (নারায়ণগঞ্জ)
(২) আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাজশাহী)
(৩) শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি, রাজশাহী
(৪) খুলনা খান বাহাদুর আহছানউল্লা বিশ্ববিদ্যালয়
(৫) মাইক্রোল্যান্ড ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (ঢাকা)
(৬) শেখ হাসিনা ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (কিশোরগঞ্জ)

ড) **দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ঃ** আদালতের আদেশ বলে দারুল ইহসান বিশ্ববিদ্যালয় এবং ইহার সকল আউটার ক্যাম্পাস বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সাথে দেশের সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাস বন্ধ করা হয়েছে।

ঢ) **উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষঃ** বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে অর্জিত ডিগ্রির মূল সার্টিফিকেট-এ স্বাক্ষরকারী হবেন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মহামান্য রাষ্ট্রপতি তথা বিশ্ববিদ্যালয়সমূহে আচার্য কর্তৃক নিয়োগকৃত ভাইস-চ্যান্সেলর এবং পরীক্ষা নিয়ন্ত্রক। শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ৯৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ০৯টি বিশ্ববিদ্যালয়ে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার সবাই নিয়োজিত রয়েছেন। এছাড়া, মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত ভিসি রয়েছেন ৬৯টি বিশ্ববিদ্যালয়ে, প্রো-ভিসি রয়েছেন ২২টিতে এবং ট্রেজারার রয়েছেন ৫৬টিতে। তবে ১৮টি বিশ্ববিদ্যালয়ে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পদে কোন ব্যক্তি নিয়োগকৃত নেই। ইউজিসির ওয়েবসাইটে এতদ্‌সংক্রান্ত হালনাগাদ বিস্তারিত তথ্য প্রদর্শিত রয়েছে। **তবে যে সকল বিশ্ববিদ্যালয়ে ছয় মাসের অধিক সময় ধরে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পদে কোন ব্যক্তি নিয়োগকৃত নেই সে সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হওয়ার পরামর্শ প্রদান করা হলো।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, বিভিন্ন বিদেশী বিশ্ববিদ্যালয়ের ভুয়া নামে বা স্বনামধন্য বিদেশী বিশ্ববিদ্যালয়ের নামে অবৈধভাবে ওয়েবসাইট বা অফিস খুলে পিএইচডিসহ বিভিন্ন ডিগ্রী প্রদান করা হচ্ছে যা কমিশনের দৃষ্টিগোচর হয়েছে। প্রসঙ্গত, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের শিম/শা:১৭/১০এম-৩/২০০৮-৪২ নং স্মারকের জারিকৃত পত্রে Monash College (Australia) Study Centre, Bangladesh এর স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান করা হয়েছে। তবে শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্ত উক্ত স্টাডি সেন্টার হতে কমিশনের নিকট কোন আবেদন পাওয়া যায়নি। উক্ত স্টাডি সেন্টার ব্যতিত ব্যতিত অদ্যবধি অন্য কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা/ক্যাম্পাস/স্টাডি সেন্টার স্থাপন ও শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমোদন সরকার বা কমিশন কর্তৃক দেওয়া হয়নি এবং কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামের অনুমোদন নেই বিধায় এরূপ কোনো প্রতিষ্ঠানে ভর্তি হয়ে বা ডিগ্রি নিয়ে প্রতারিত না হওয়ার জন্যও শিক্ষার্থী/অভিভাবকগণকে পরামর্শমূলক সতর্ক করা হলো। কাজেই **বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসে এবং অনুমোদিত প্রোগ্রামে ভর্তি হওয়ার জন্য ইউজিসির ওয়েবসাইট (www.ugc.gov.bd) থেকে তথ্য সংগ্রহপূর্বক ভর্তি হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পরামর্শ প্রদান করা হলো।**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৩।৫।২২

মোঃ ওমর ফারুখ
পরিচালক